

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd


স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.০২.০০২.২০১১ (অংশ-৩)- ৪৫০

তারিখঃ ১৩/০৪/২০১৬

বিষয়ঃ নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা পরিষদে ২০১৫-১৬ অর্থ বছরে এডিপি ও রাজস্ব তহবিলের
অর্থায়নের দরপত্র বিজ্ঞপ্তিতে (০২/২০১৫-১৬) নির্দেশিকা বহির্ভূত প্রকল্প গ্রহণ।

সূত্র : দৈনিক সমকাল পত্রিকায় ১৩/০৩/২০১৬ তারিখে প্রকাশিত বিজ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পেপার ক্লিপিং এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৈয়দপুর উপজেলা পরিষদের ২০১৬-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) আওতায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০১৫-১৬ এ বর্ণিত ২২টি প্রকল্পের মধ্যে ক্রমিক নং-৩,৪, ও ৬ নং প্রকল্পসমূহ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত উপজেলা প্রকল্প ছকে (ইউপিপি) প্রণয়ন ও তা গঠিত ১৩ সদস্য বিশিষ্ট উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সুপারিশের আলোকে গ্রহণ করা হয়েছিল কি-না এ সংক্রান্ত তথ্যাদি জরুরীভিত্তিতে অবহিতকরণ এবং উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ যথাযথ পরিপালন না করে মাটি ফিলিং কাজের প্রকল্প গ্রহণের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail:

lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী

অনুলিপিঃ

১. চেয়ারম্যান, সৈয়দপুর উপজেলা পরিষদ, নীলফামারী।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।